

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
তদন্ত ও শৃঙ্খলা শাখা  
[www.mopme.gov.bd](http://www.mopme.gov.bd)

স্মারক নং-প্রাগম/তঃশৃঃ/বিমা-২৫/২০১৫/৪৫২

তারিখঃ ১৪ ভাদ্র ১৪২৩  
২৯ আগস্ট ২০১৬

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ করম আলী বেপারী, ইন্সট্রাক্টর (সাধারণ), মাদারীপুর পিটিআই, মাদারীপুর-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর পর বিভাগীয় মামলাটি তদন্তের জন্য জনাব মোঃ নবী হোসেন তালুকদার, উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে উক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(২)(বি) মোতাবেক ০১ (এক) টি বাৎসরিক ইনক্রিমেন্ট (পরবর্তী ধাপের ০১টি বেতন বৃদ্ধি) ০১ বছরের জন্য স্থগিত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়;

এক্ষণে সেহেতু, জনাব মোঃ করম আলী বেপারী, ইন্সট্রাক্টর (সাধারণ), মাদারীপুর পিটিআই, মাদারীপুর-কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(২)(বি) মোতাবেক ০১ (এক) টি বাৎসরিক ইনক্রিমেন্ট (পরবর্তী ধাপের ০১টি বেতন বৃদ্ধি) ০১ বছরের জন্য স্থগিত করা হল। উল্লেখ্য যে, তিনি ভবিষ্যতে স্থগিত বেতন বৃদ্ধির কোন অংশ বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,  
স্বাক্ষরিত/-  
২৯/০৮/২০১৬  
(মোঃ হুমায়ুন খালিদ)  
সচিব

স্মারক নং-প্রাগম/তঃশৃঃ/বিমা-২৫/২০১৪/৪৫২

তারিখঃ ১৪ ভাদ্র ১৪২৩  
২৯ আগস্ট ২০১৬

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ২। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।  
(গোজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৩। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সুপারিনটেনডেন্ট, পিটিআই, মাদারীপুর।
- ৭। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, মাদারীপুর।
- ৮। জনাব মোঃ করম আলী বেপারী, ইন্সট্রাক্টর (সাধারণ), মাদারীপুর পিটিআই, মাদারীপুর।
- ৯। অফিস কপি।

(সরদার মোঃ কেরামত আলী)  
উপ-সচিব (তঃ ও শৃঃ)  
ফোন-৯৫৭৬৬৯১